

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩(অংশ-২).৪৮০

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৪
১১ এপ্রিল ২০১৮

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
সিজেএ ভবন(৫ম তলা), ঢাকা।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতের ' বিশেষ থোক' ও ' দুর্যোগ/বন্যায় ক্ষতিগ্রস্থ অবকাঠামো উন্নয়ন/মেরামত' উপ-খাতে রক্ষিত অর্থ হতে ৭.০০ (সাত) কোটি টাকা অবমুক্তকরণ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটে সিটি কর্পোরেশনসমূহের জন্য বরাদ্দকৃত ৩৫০.০০ কোটি (তিনশত পঞ্চাশ কোটি) টাকা হতে অনুমোদিত বিভাজনে 'বিশেষ থোক' ও 'দুর্যোগ/বন্যায় ক্ষতিগ্রস্থ অবকাঠামো উন্নয়ন/মেরামত' উপ-খাতে রক্ষিত অর্থ হতে রাজশাহী সিটি কর্পোরেশনের নিম্নবর্ণিত ১২(বার)টি নির্মাণ/ উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য যথাক্রমে ৫.০০ (পাঁচ) কোটি ও ২.০০ (দুই) কোটি সর্বমোট ৭.০০ (সাত) কোটি টাকা অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্র:নং	প্রকল্পের নাম ও ঠিকানা
১.	কেশবপুর ভেড়ীপাড়া মোড় জামে মসজিদের উন্নয়ন, রাজশাহী কোর্ট, রাজপাড়া, রাজশাহী
২.	রাজশাহী সিটি কর্পোরেশনের ৪নং ওয়ার্ড এর নদীর ধার সংলগ্ন বোলনপুর বস্তির উন্নয়ন
৩.	রাজশাহী সিটি কর্পোরেশনের ৭নং ওয়ার্ড এর নদীর ধার সংলগ্ন শ্রীরামপুর বস্তির উন্নয়ন
৪.	রাজশাহী সিটি কর্পোরেশনের ২৪নং ওয়ার্ড এর নদীর ধার সংলগ্ন বাজে কাজলা বস্তির উন্নয়ন
৫.	রাজশাহী সিটি কর্পোরেশনের ৪, ৬, ৭ ও ১১নং ওয়ার্ড এর হরিজন পল্লীর উন্নয়ন
৬.	টি বীধ অবস্থিত বধ্যভূমির উন্নয়ন ও স্মৃতি স্তম্ভ নির্মাণ
৭.	রাজশাহী বিশ্ববিদ্যালয় কলেজে ১৯৫২ সালের প্রথম শহীদ মিনার নির্মাণ
৮.	হয়রত শাহমুখদুম মাজারের গেট নির্মাণ, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী
৯.	গুলজারবাগ সিদগাহ উন্নয়ন
১০.	রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের মাঠের উন্নয়ন
১১.	পঞ্চবটী মহাশ্মশানের উন্নয়ন, পঞ্চবটী, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী
১২.	রাজশাহী বড় মসজিদের উন্নয়ন, বোয়ালিয়া, রাজশাহী
১৩.	মনি বাজার অডিটোরিয়াম এসি স্থাপন, সাউন্ডবক্স সিস্টেম এবং আসন ব্যবস্থার কাজ
১৪.	রাজপাড়া মর্জুজা ড্রাইভারের বাড়ি হতে মুক্তিযোদ্ধা হাবিব এর বাড়ি হয়ে আফজালের বাড়ি, ফসিউল্লার বাড়ি পর্যন্ত গলিপথের উন্নয়ন
১৫.	শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান মাজারের উন্নয়ন
১৬.	৪নং ওয়ার্ডে হড়গ্রাম বাজার প্রধান রাস্তা হতে সিটি মার্কেটের পিছনে সিসি রাস্তা, আরসিসি ড্রেন ও স্ল্যাব নির্মাণ কাজ।

২। এই ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০২-৭৪৬০-৭২৩১/৭৯৮১ সিটি কর্পোরেশনসমূহের জন্য থোক বরাদ্দ-মূলধন খাতে বরাদ্দকৃত ৩৫০.০০ কোটি (তিনশত পঞ্চাশ কোটি) টাকা হতে মিটানো হবে।

৩। এই অর্থ ছাড় করণে অর্থ বিভাগের ০৮ মার্চ ২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০৩.২০১১-১০২ নম্বর স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হয়েছেঃ
(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
(গ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা দিতে হবে; এবং
(ঘ) নির্দিষ্ট উন্নয়ন প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে এই অর্থ কোন অবস্থাতেই ব্যয় করা যাবে না।

৪। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি বিধান পালন করবেন।

(মোঃ সাহসুদুল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫১১৬০৩

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৪
১১ এপ্রিল ২০১৮

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩(অংশ-২).৪৮০(২০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব (বাজেট-১১)]।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
৫. উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী জেলা, রাজশাহী।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।

(মোঃ সাহসুদুল আলম)
উপসচিব